আমঝুপিতে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের মতবিনিময় সভা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) হলরুমে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের উদ্যোগে এক মতবিনিময় সভা সংস্থার কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো মাহফুজুল হোসেন। শিক্ষা ও বাজেটের উপর প্রবন্ধ উপস্থাপন করেন মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো আনোয়ার হোসেন।

স্বাগত বক্তব্য রাখেন মউকএর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম। এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্যে রাখেন ইউপি সদস্য হাফিজুর রহমান, ইউপিএম শিরিন আকতার ইমাম ওজিউর রহমান প্রমুখ।

মেহেরপুর জেলার বিভিন্ন পেশার ৫০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। মতবিনিময় সভা পরিচালনা করেন মানব উন্নয়ন কেন্দ্র মউকের ডিপিএম সাদ আহাম্মদ।

দর্শনায় মতবিনিময় সভা

দেশের বেকারত্বের অভিষাপ থেকে মুক্ত করতে সরকারের পাশাপশি বে-সরকারী প্রতিষ্ঠান ওয়েভ ফাউন্ডেশনের উদ্যোগে তরণ-তরুণীদের হাতকে কর্মীর হাতে পরিনত করতে দর্শনা ৩ মাসব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে।

গতকাল বুধবার থেকে মোবাইল সার্ভিসিং ও ফ্যাশন গার্মেন্টস এর উপর ওয়েভ ট্রেড ট্রেনিং সেন্টারে প্রশিক্ষনের উদ্বোধন ওয়েভ

ফাউন্ডেশনের সহকারী পরিচালক কিতাব আলী।

এ প্রশিক্ষনে ২৫ জন তরুণ ও ২৫জন তরণী অংশ নিচ্ছেন। বিগত ২০১৬ সাল থেকে ১ হাজার ৫০০ জন তরণ-তরুনীকে ওয়েভ ফাউন্ডেশন থেকে প্রশিক্ষন গ্রহন করে ১হাজার ১৫০ জন তাদের কর্মসংস্থান সৃষ্টি করতে সক্ষম হয়েছে বলে অধ্যক্ষ আব্দুস সালাম। এছাড়া আরো উপস্থিত ছিলেন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়ার সমন্বয়কারী কামরুজ্জামান কামাল, উপ-সমন্বয়কারী নজরুল ইসলাম। অনুষ্ঠানপরিচালনা করেন সোহানুর রহমান সোহান।

দামুড়হুদা মডেল সরকারি প্রাইমারি বিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়ে মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলা সদরের মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার গুণগত মানোন্নয়নে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বিদ্যালয়ের শিক্ষার গুণগত মানোন্নয়নে প্রাক্তন শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভায় বিদ্যালয়ের পূর্বের পরিবেশ ফিরিয়ে আনতে বিদ্যালয় চত্বরে ফুল বাগান তৈরি, বৃক্ষ রোপন করার বিষয়ে সিদ্ধান্ত হয়।

শুক্রবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আয়োজনে মতবিনিময় সভাটি অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি মাকসুদুর রহমান রতনের সভাপতিত্বে মতবিনিময় সভায় বক্তব্য রাখেন বিদ্যালয় পরিচালনা পরিষদের সহসভাপতি দামুড়হুদা সদর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের মেম্বার জাহিদুল ইসলাম, বিদ্যালয়ের প্রধান শিক্ষক কুতুব উদ্দীন, বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী মো আনারুল ইসলাম, মো রহমতুল্লাহ।

বিদ্যালয়ের আইসিটি কক্ষে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের

প্রাক্তন শিক্ষার্থী ইমরান হোসেন, রাসেল, সাব্বির রহমান, মিজান, রাব্বী, আবিদ, ফাহাদ প্রমূখ।

গাংনীর ধলা মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়নে মতবিনিময় সভা

মাদক, বাল্যবিবাহ প্রতিরোধ ও শিক্ষার মানোন্নয়নে মত বিনিময় সভা গাংনীর ধলা মাধ্যমিক বিদ্যালয় হলরুমে অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩ নভেম্বর) দুপুর ১২ টার সময় বিদ্যালয়ের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানার সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মাহফুজুল হোসেন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার

স্বাগত বক্তব্য রাখেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন। বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও স্কুলের ছাত্র ছাত্রী বৃন্দি উপস্থিত ছিলেন।

গাংনীর গেজেটভুক্ত ১০৮ মুক্তিযোদ্ধাদের ভাতা চালুর দাবি

মেহেরপুরের গাংনী উপজেলার ১০৮ জন গেজেট ভুক্ত মুক্তিযোদ্ধাদের ভাতা চালুর দাবিতে উপজেলা চেয়ারম্যানের সাথে মতবিনিময় করেছেন বীর মুক্তিযোদ্ধারা।

আজ শনিবার দুপুরে গাংনী উপজেলা পরিষদ প্রাঙ্গণে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।
গেজেট ভুক্ত মুক্তিযোদ্ধা নেতা আব্দুল হান্নানের সভাপতিত্বে স্থগিত কৃত প্রায় ১০৮ জন মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন, সর্বশেষ যাছাই-বাছাইয়ের পর তাদের ভাতা বন্ধ হয়। যার ফলে স্থগিতকৃত মুক্তিযোদ্ধারা সকল কাগজপত্র আছে মর্মে জানিয়ে পূর্ণরায় ভাতা চালুর দাবিতে আমার সাথে তারা মতবিনিময় করেছেন। আমি বিষয়টি সরকারের উর্ধতনদের সাথে আলাপ-আলোচনা করে সমাধানের চেষ্টা করবো।

উল্লেখ্যঃ সর্বশেষ মুক্তিযোদ্ধা যাছাই-বাছাইয়ে গাংনী উপজেলার ১০৮ জন মুক্তিযোদ্ধাকে না মঞ্জুর করেন উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি। যার ফলে এই ১০৮ জন বীর মুক্তিযোদ্ধার ভাতা বন্ধ হয়ে যায়। উক্ত মুক্তিযোদ্ধারা দেশ স্বাধীনে গুরুত্বপুর্ন ভুমিকা রাখলেও তারা আজ অধিকার বঞ্চিত হয়ে মানবেতর জীবন যাপন করছেন।